

বৈদেশিক মুদ্রা নীতি বিভাগ
বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়
ঢাকা
www.bb.org.bd

এফই সার্কুলার নং. ০৩

তারিখঃ ফেব্রুয়ারী ২২, ২০১২

বৈদেশিক মুদ্রা লেনদেনে নিয়োজিত সকল
অনুমোদিত ডিলার ব্যাংকের প্রধান কার্যালয়/প্রিন্সিপাল অফিস

প্রিয় মহোদয়,

অদৃশ্যমান মাধ্যমে সেবা রপ্তানীর বিপরীতে অর্জিত ইনওয়ার্ড রেমিটেন্স প্রসঙ্গে ।

এফই সার্কুলার নং ০৬, তারিখ-মে ৩০, ২০১১ এর নির্দেশনা অনুযায়ী অনুমোদিত ডিলার ব্যাংক বিজনেস প্রসেস আউটসোর্সিং (BPO) এর মাধ্যমে অনিবাসী ব্যক্তি বা প্রতিষ্ঠানকে প্রদত্ত সেবার বিপরীতে অর্জিত ইনওয়ার্ড রেমিটেন্স রপ্তানীকারকের হিসাবে জমা করতে পারে। এতদ্বারা এ মর্মে স্পষ্টীকরণ করা হলো যে, অর্জিত রপ্তানী আয়ের ন্যূনতম পঞ্চাশ শতাংশ সমপরিমান স্থানীয় মুদ্রা সংশ্লিষ্ট রপ্তানীকারকের টাকা হিসাবে জমা হবে। অবশিষ্ট বৈদেশিক মুদ্রা রপ্তানীকারকের নামে পরিচালিত বৈদেশিক মুদ্রা হিসাব (ERQ)-এ জমা করা যাবে।

০২। এছাড়া বাংলাদেশ হতে প্রদত্ত অন্যবিধ সেবা রপ্তানী যেমন-ব্যবসায়িক সেবা, পেশাগত/গবেষণামূলক এবং পরামর্শমূলক সেবা ইত্যাদির বিপরীতে অনুমোদিত ডিলার ব্যাংকের মাধ্যমে বৈদেশিক মুদ্রা অর্জিত হয়ে থাকে। উল্লিখিত সেবা এবং সব ধরনের নন এজেন্সী সেবার বিপরীতে অর্জিত আয় সংশ্লিষ্ট রপ্তানীকারকের স্থানীয় মুদ্রা হিসাব এবং ERQ হিসাবে জমা করা যাবে। তবে এক্ষেত্রে উপরের অনুচ্ছেদসহ এফই সার্কুলার নং ০৬, মে ৩০, ২০১১ এর 'ক হতে চ' পর্যন্ত বর্ণিত নির্দেশনাবলী পরিপালনীয় হবে।

অনুগ্রহপূর্বক সংশ্লিষ্ট সকল পক্ষকে বিষয়টি অবহিত করবেন।

আপনাদের বিশ্বস্ত,
স্বাক্ষরিত/-
(মোঃ গোলাম হায়দার)
উপ-মহাব্যবস্থাপক
ফোন: ৭১২০৩৭৫